দৈনিক
ইনকিলাব

তারিখ 24 MAR 2008
পৃষ্ঠা 12 কলাম 5

# ২৯ মার্চ বগুড়ায় মাদ্রাসা শিক্ষা সম্প্রসারণ ও জাতীয় মানে উন্নীত করণ শীর্ষক আলোচনা সভা

স্টাফ রিপোর্টার

আগামী ২৯ মার্চ (শনিবার) সকাল ১০টায় বগুড়া জেলা শিল্পকলা একাডেমীতে (সরকারী মহিলা কলেজের দক্ষিণ পাশে) মাদ্রাসা শিক্ষা সম্প্রসারণ ও জাতীয় মানে উন্নীতকরণ শীর্ষক আলোচনা সভা '০৮ অনুষ্ঠিত হবে। বগুড়ার জেলা প্রশাসক মোঃ হুমায়ূন কবির সভার উদ্বোধন করবেন। প্রধান অতিথি থাকবেন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আলহাজ্ব প্রফেসর মোঃ ইউসুফ। পৃঃ ১১ ১ঃ কঃ ১

## ২৯ মার্চ বগুড়ায় মাদ্রাসা

১২-এর পৃষ্ঠার পর

বিশেষ অতিথি থাকবেন বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের সভাপতি ও দৈনিক ইনকিলাব সম্পাদক আলহাজ্ব এএমএম বাহাউদ্দীন। প্রধান আলোচক থাকবেন বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের মহাসচিব মাওলানা শাব্বির আহমাদ মোমতাজী। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের সিনিয়র সহসভাপতি মাওলানা কবি রুহুল আমীন খান, বগুড়ার জেলা শিক্ষা অফিসার খন্দকার মোঃ রেজাউল করিম, বগুড়া জেলা জমিয়াতুল মোদাররেছীনের উপদেষ্টা মাওলানা মোঃ ওছমান গনি, বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের সাবেক সিনিয়র সহসভাপতি মাওলানা মোঃ শামসুদ্দীন, বগুড়া জেলা জমিয়াতুল মোদাররেছীনের সাবেক সভাপতি মাওলানা মোঃ মুজাম্মেল হুসাইন।

সম্মেলনে দাবীসমূহের মধ্যে থাকবে ২৪/১০/১৯৯৫ জারিকৃত দাখিল, আলিম ও ফাজিল পরীক্ষায় পাসের কোটা বহাল রাখতে হবে। স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসাগুলোকে জাতীয়করণ করে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অনুরূপ বেতন-ভাতা প্রদান করতে হবে। বালক মাদ্রাসায় ৩০% মহিলা কোটা বাতিল এবং মহিলা মাদ্রাসার সব পদে মহিলা শিক্ষক নিয়োগ ব্যবস্থা চালু করতে হবে (প্রশাসনিক পদ ব্যতীত)। স্কুলের অনুরূপ মাদ্রাসায়ও সরকারীভাবে ইবতেদায়ী ও জুনিয়র বৃত্তি চালু করতে হবে। 'সাধারণ শিক্ষা বনাম মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বেতন বৈষম্য দূর করতে হবে। একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসাগুলোতে নিয়ম অনুযায়ী এমপিওভুক্ত করতে হবে। প্রভাষকদের স্থগিতকৃত ২ বছর ও ৮ বছরের উচ্চতর স্কেল অবিলম্বে ছাড় করতে হবে। নিয়োগের